গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর জানুয়ারি, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৬ জানুয়ারি, ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | বিপিআই সভাকক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে গত ডিসেম্বর মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | সভায় ডিসেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। উপপরিচালক ও সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে জানান, মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা<br>৩। এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪। | সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব আসাদুজ্জামান, হিসাব শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে । জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান। সভাপতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৬। | সভায় জানুয়ারি মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ জানুয়ারি,২০২২ মাসে ২ টি প্রশিক্ষণের সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে ৬০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৭। | সভায় বুনিয়াদি প্রশিক্ষণ  কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জানান, পর্যাপ্ত পরিমাণ প্রশিক্ষণার্থী পাওয়া যায়নি বিধায় কোর্সটি সাময়িক স্থগিত করা যেতে পারে। করোনা পরিস্থিতির উন্নতি হলে পুনরায় কোর্সটি পরিচালনার প্রস্তুতি গ্রহণ করা যেতে পারে। | আগামী ৬/২/২০২২ তারিখের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি স্থগিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং করোনা পরিস্থিতির উন্নতি হলে পুনরায় আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৮। | সভায় বিপিআই-এর সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, সহকারী পরিচালক (ভান্ডার শাখা) জানান, ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি ক্রয় প্রক্রিয়াকে আরও গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা)<br>৩। সহকারী পরিচালক (ভান্ডার শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৯। | সভায় একজন সহকারী পরিচালক এবং একজন টেকনিশিয়ান (কম্পিউটার) পদে প্যানেল হতে নিয়োগ কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা ( জনাব আব্দুল্লাহ আল নোমান) বলেন প্যানেল থেকে একজন সহকারী পরিচালক এবং একজন টেকনিশিয়ান (কম্পিউটার) এর নিয়োগ প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন হয়েছে । | শূন্য পদে প্যানেল হতে দ্রুততার সাথে নিয়োগ প্রক্রিয়ার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ১০। | সভায় বিপিআই-কে সেন্টার অফ এক্সিলেন্স হিসেবে প্রতিষ্ঠা করার নিমিত্ত এলইডি ডিসপ্লে স্থাপন সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, সহকারী পরিচালক (ভান্ডার শাখা) জানান, বিপিআই প্রবেশমুখে এলইডি ডিসপ্লে স্থাপন করা হয়েছে। | বিপিআই-কে সেন্টার অফ এক্সিলেন্স হিসেবে প্রতিষ্ঠা করার নিমিত্ত গৃহীত কার্যক্রম সুষ্ঠূভাবে সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা)<br>৩। সহকারী পরিচালক (ভান্ডার শাখা) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.২১

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)